

মিটার রিচার্জ পদ্ধতিঃ

রিচার্জ এর শুরুতে মিটার এর **A** বাটনটি পরপর ২ বার চাপ দিলে ডিসপ্লেতে **IN** লেখা আসবে। তখন সাথে সাথে প্রি পেইড কার্ডটি মিটার এর নিচের অংশে চেপে ধরুন। ডিসপ্লেতে **CARD** লেখা ভেসে উঠলে বুঝবেন আপনার কার্ড এবং মিটার এর সাথে তথ্য আদান প্রদান চলছে। কিছুক্ষণ অর্থাৎ ৩ থেকে ৫ সেকেন্ড পর ডিসপ্লেতে **END** লেখা ভেসে উঠবে। **END** লেখা ডিসপ্লেতে ভেসে উঠলে বুঝবেন আপনার কার্ড থেকে মিটারে টাকা রিচার্জ সফলভাবে সম্পন্ন হয়েছে। উল্লেখ্য, রিচার্জের সময় ডিসপ্লেতে **END** লেখা না আসা পর্যন্ত মিটার থেকে কার্ড সরানো যাবে না।

রিচার্জ এর সময় যা ঘটতে পারেঃ

A বাটনটিতে পরপর ২ বার চাপ দিলে ডিসপ্লেতে **IN** লেখা আসে। তখন কার্ডটি মিটার এর নিচের অংশে চেপে ধরে মিটার রিচার্জ করা হয়। কোন কারণে **A** বাটনটিতে যদি পরপর ৩ বার চাপ পড়ে যায় তখন ডিসপ্লেতে **OUT** লেখা ভেসে উঠবে। **OUT** লেখা থাকা অবস্থায় কার্ডটি মিটারের নিচের অংশে চেপে ধরলে মিটারে জমাকৃত ব্যালেন্স (যদি থাকে) উল্টো কার্ডে রিফান্ড হয়ে চলে আসবে। এ অবস্থায় মিটারের ব্যালেন্স শূন্য হওয়ায় গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যাবে এবং ডিসপ্লেতে **CLOSE** লেখা চলে আসবে।

যদি রিচার্জ করার সময় ছলক্রমে **A** বাটনটিতে পরপর ৩ বার চাপ পড়ে যায় সে ক্ষেত্রে কিছুক্ষণ অপেক্ষা করতে হবে। কিছুক্ষণ পর দেখা যাবে ডিসপ্লে থেকে **OUT** লেখাটি চলে গেছে এবং মিটারটি রিচার্জের জন্য প্রস্তুত হয়েছে। এখন যথানিয়মে মিটার রিচার্জ কার্যক্রম শুরু করা যাবে।

সাবধনতাঃ

কোন অবস্থাতেই **A** বাটনটিতে পরপর ৩ বার চাপ দেয়া যাবে না।

ডিসপ্লেতে **OUT** লেখা থাকা অবস্থায় কার্ডটি মিটারের নিচের অংশে চেপে ধরা যাবে না।

জরুরী সেবা গ্রহনঃ

মিটারের ব্যালেন্স শূন্য হওয়ার সাথে সাথে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যায় এবং ডিসপ্লেতে **CLOSE** লেখা দেখা যায়। এ অবস্থায় একজন গ্রাহক জরুরী সেবা হিসেবে ৯ ঘনমিটার গ্যাস ব্যবহার করার সুযোগ পাবেন। জরুরী সেবা নেয়ার জন্য মিটারের **B** বাটনটি চেপে ধরে রাখতে হবে যতক্ষণ না ডিসপ্লেতে **EC** লেখাটি ভেসে উঠে। **EC** লেখাটি ভেসে উঠার সাথে সাথে **B** বাটনটি ছেড়ে দিয়ে **A** বাটনটি একবার চাপ দিয়েই ছেড়ে দিতে হবে। দেখা যাবে কিছুক্ষণের মধ্যে মিটারের ডিসপ্লেতে **000000^{OPEN}** লেখা দেখা যাবে অর্থাৎ এ অবস্থায় মিটারটি গ্যাস সরবরাহের জন্য প্রস্তুত হয়েছে। চুলা জ্বালিয়ে গ্যাস ব্যবহার শুরু করলেই মিটারের ডিসপ্লেতে **-0000001^{OPEN}** দেখা যাবে এবং গ্যাস ব্যবহার বৃদ্ধির সাথে সাথে পর্যায়ক্রমে **-0000002^{OPEN}**,

-0000003^{OPEN}, -0000004^{OPEN} ডিজিট দেখা যাবে। জরুরী ব্যালেন্স শেষ হলে সর্বশেষ মিটারের ডিসপ্লেতে -0000009^{OPEN} ডিজিট দেখা যাবে এবং মিটারের মাধ্যমে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যাবে। এ অবস্থায় ডিসপ্লেতে CLOSE লেখা দেখা যাবে।

সাবধনতাঃ

জরুরী ব্যালেন্স ব্যবহারকালীন সময়ে কোন অবস্থাতেই **B** বাটনে চাপ দেয়া যাবেনা। **B** বাটন চাপলে মিটার CLOSE হয়ে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যাবে। সে ক্ষেত্রে নতুন করে কার্ড রিচার্জ করতে হবে এবং রিচার্জকৃত ব্যালেন্স মিটারে প্রবেশ করিয়ে গ্যাস সরবরাহ চালু করতে হবে।

প্রি পেইড গ্যাস মিটার সংযোগকালীন যে সকল কারণে গ্যাস সরবরাহ বন্ধ হতে পারে অথবা মিটার ডিসপ্লেতে **CLOSE, EOP, EE, E30** সংকেত আসতে পারে - নিম্নে তা ব্যাখ্যা করা হলঃ

সংকেত	সংকেতের ব্যাখ্যা
CLOSE	মিটারের ব্যালেন্স শূন্য হলে অথবা ভূমিকম্প বা অন্য কোন কারণে মিটার ঝাঁকুনি খেলে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যাবে এবং মিটার ডিসপ্লেতে CLOSE লেখা দেখা যাবে। ব্যালেন্স শূন্য হওয়ার কারণে CLOSE দেখা গেলে মিটারটি রিচার্জ করলে গ্যাস সরবরাহের জন্য মিটারটি প্রস্তুত হবে এবং CLOSE এর পরিবর্তে OPEN লেখা আসবে। তবে ঝাঁকুনি কারণে CLOSE লেখা আসলে B বাটনটি ৩ থেকে ৫ সেকেন্ড চেপে ধরলে CLOSE এর পরিবর্তে OPEN লেখা আসবে এবং গ্যাস সরবরাহ চালু হবে।
EOP	হালকা ঝাঁকুনি কারণে অথবা গ্যাস প্রবাহের তারতম্যের কারণে ডিসপ্লেতে EOP লেখা আসতে পারে। তবে এ ক্ষেত্রে গ্যাস সরবরাহ বন্ধ হবে না। B বাটনটি ৩ থেকে ৫ সেকেন্ড চেপে ধরলে CLOSE এর পরিবর্তে OPEN লেখা আসবে।
EE	মিটার প্রবল ঝাঁকুনি খেলে ডিসপ্লেতে EE লেখা আসবে এবং মিটারে লাল বাতি জ্বলবে। এক্ষেত্রে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যাবে। তখন B বাটনটি ৩ থেকে ৫ সেকেন্ড চেপে ধরলে EE এর পরিবর্তে OPEN লেখা আসবে এবং গ্যাস সরবরাহ চালু হবে।
E30	রিচার্জের সময় প্রিপেইড কার্ডটি মিটারের নির্দিষ্ট স্থানে সঠিকভাবে চেপে ধরতে না পারলে ডিসপ্লেতে E30 লেখাটি ভেসে উঠবে। তবে এ ক্ষেত্রে গ্যাস সরবরাহ বন্ধ হবে না। কিছুক্ষণ অপেক্ষা করলে দেখা যাবে ডিসপ্লে পূর্বাবস্থায় ফিরে গেছে।